



প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

برائيم اسلامي لايف انشورنس لميتيد

Prime Islami Life Insurance Limited



জানুয়ারী ২২, ২০২০

সকল বিভাগীয় প্রধান (প্রধান কার্যালয়)

সকল কর্পোরেট জোন প্রধান/বিভাগীয় প্রধান (উন্নয়ন)

সকল জোন প্রধান/প্রকল্প/ডিভিশন পরিচালক

সকল সাংগঠনিক অফিস প্রধান (একক বীমা ও প্রকল্প/ডিভিশন)

সকল স্তরের উন্নয়ন কর্মী/কর্মকর্তা

অফিস প্রজ্ঞাপন নং : ০৫-২০২০ (সংশোধিত)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০ ব্যবসা বর্ষে কোম্পানী মাস ভিত্তিক ও বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে উন্নয়ন কর্মী ও কর্মকর্তাদের উৎসাহ প্রদানে গত জানুয়ারী ১৬, ২০২০ তারিখে অফিস প্রজ্ঞাপন নং ০৫-২০২০ জারী করা হয়। উক্ত প্রজ্ঞাপনটি নিম্নোক্তভাবে সংশোধিত আকারে পুনরায় জারী করা হলো :

পদবী	মাসিক ন্যূনতম ১ম বর্ষ লক্ষ্যমাত্রা	১ম বর্ষ বার্ষিক লক্ষ্যমাত্রা	মাসিক এফএ নিয়োগের সংখ্যা	এফএ প্রতি ১ম জমা (এফপিআর) প্রিমিয়াম	উৎসাহ বোনাসের হার	
					১২ মাস মাসিক লক্ষ্যমাত্রা অর্জন করলে (%)	৯ মাস মাসিক লক্ষ্যমাত্রা অর্জন করলে (%)
এফএ	১,০০,০০০/-	১২,০০,০০০/-	--	--	২.০০%	১.৫০%
ইউএম	১,৭৫,০০০/-	২১,০০,০০০/-	০১	ন্যূনতম ২টি পলিসিসহ ২,০০০/-	১.০০%	০.৭৫%
বিএম	২,৫০,০০০/-	৩০,০০,০০০/-	০২		০.৭০%	০.৫৩%
বিসি	৪,০০,০০০/-	৪৮,০০,০০০/-	০৪		০.৫০%	০.৩৮%
ডিসি	৬,০০,০০০/-	৭২,০০,০০০/-	০৬		০.৩০%	০.২৩%
আরসি	৮,০০,০০০/-	৯৬,০০,০০০/-	০৮		০.২০%	০.১৫%
ডিআইভিসি	১১,০০,০০০/-	১,৩২,০০,০০০/-	১০		০.১৫%	০.১১%
এসভিপি(পিআরটি)	১৫,০০,০০০/-	১,৮০,০০,০০০/-	১৪		০.১০%	০.০৭৫%
জেইভিপি(পিআরটি)	২০,০০,০০০/-	২,৪০,০০,০০০/-	১৮		০.০৭%	০.০৫৩%

শর্তাবলীঃ

- ১। ছকে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনকারী কর্মকর্তাদের মধ্যে হতে ২০২১ বর্ষে ১ম ধাপে দুই পদে অর্থাৎ এসভিপি (পিআরটি) ও জেইভিপি (পিআরটি) পদবীর কর্মকর্তাদের নিয়মিত বেতনভুক্ত করা যেতে পারে। পরবর্তীতে পর্যায়ক্রমে নিচের পদের কর্মী/কর্মকর্তাদের ধাপে ধাপে সকল পদের উন্নয়ন কর্মকর্তাদের নিয়মিত বেতনভুক্ত ও অন্যান্য সুবিধাদি (প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, বার্ষিক ইনক্রিমেন্ট, বোনাস, গ্রুপ বীমা, স্বাস্থ্য বীমা, গাড়ী ইত্যাদি) প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
- ২। ছকে বর্ণিত ১ম বর্ষ লক্ষ্যমাত্রা অর্জনকারী কর্মী/কর্মকর্তাদের বর্ষ সেরা “স্টার সংগঠক” হিসাবে ঘোষণা করা যেতে পারে।
- ৩। বছরের ১২মাসই বর্ণিত মাসিক লক্ষ্যমাত্রা অর্জনসহ বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনকারী প্রতি পদবীর ১ম বর্ষ প্রিমিয়াম অর্জনকারী ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে গোল্ড মেডেল পুরস্কার প্রদান করা যেতে পার।
- ৪। ১২ মাসের যে কোন ৯ মাসে মাসিক লক্ষ্যমাত্রা অর্জনসহ বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনকারী প্রতি পদবীর ১ম বর্ষ প্রিমিয়াম অর্জনকারী ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে সিলভার মেডেল পুরস্কার প্রদান করা যেতে পারে।
- ৫। প্রতিটি পদের লক্ষ্যমাত্রা অর্জনকারী সকলকে বর্ণিত হারে উৎসাহ বোনাস প্রদান করা যেতে পারে।
- ৬। পুরস্কার অর্জনকারী সকলকে সার্টিফিকেট প্রদান যেতে পারে।
- ৭। লক্ষ্যমাত্রা অর্জনে ব্যবসা হিসাব করার ক্ষেত্রে সিঙ্গেল বীমা প্রিমিয়ামের ৫০% হিসাবভুক্ত করা হবে, তবে উৎসাহ বোনাস হিসাব করার ক্ষেত্রে সিঙ্গেল বীমার প্রিমিয়াম হিসাবভুক্ত করা হবে না।
- ৮। একই চেইনের উর্ধ্বতন উন্নয়ন কর্মকর্তার যোগ্যতা অর্জনের ক্ষেত্রে নিম্ন পদস্থ কর্মী/কর্মকর্তার সর্বোচ্চ প্রিমিয়াম অর্জনকারী অপেক্ষা ন্যূনতম ২০% প্রিমিয়াম বেশী থাকতে হবে।
- ৯। যোগ্যতা অর্জনকারীদের তালিকা নির্বাচনে কোন প্রকার জটিলতা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। সকল পুরস্কার ও বোনাস বর্ষ সমাপনী পরবর্তী বার্ষিক সম্মেলনে প্রদান করা হবে।
- ১১। শুধুমাত্র জানুয়ারী ২০ মাসের জন্য সকল লক্ষ্যমাত্রা ৫০% প্রযোজ্য হবে।
- ১২। ১ম বর্ষ ব্যবসার উপর পূর্বে ঘোষিত ও বর্তমানে প্রচলিত সকল প্রজ্ঞাপন বলবৎ থাকবে।

Amud

মোঃ আপেল মাহমুদ, এসিআইআই (ইউকে)

ব্যবস্থাপনা পরিচালক ও সিইও

৮

আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন

প্রধান কার্যালয় : রাজ ভবন (৭ম তলা), ২৯, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, ফোন : ৪১১২৪৮৮, ৯৫৫৪৫৩৮, ৯৫৭৬৪০৪, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০
ই-মেইল : pilil@primelifebd.com, pililbd@gmail.com, web : www.primeislamiflifebd.com